আজকের কাগজ 13
তারিখ 23 JUN 1995
পৃষ্ঠা ৭ কলাম ১

# কারমাইকেল কলেজে শিবিরের সন্ত্রাস ॥ ১০ লাখ টাকার সম্পদ নষ্ট ॥ শিক্ষকদের ক্লাস বর্জন

রংপুর থেকে জয়নাল আবেদীন ঃ কারমাইকেল বিশ্ববিদ্যালয় কলেজে ছাত্র শিবিরের অব্যাহত সন্ত্রাসের প্রতিবাদে গতকাল বৃহস্পতিবার থেকে শিক্ষকরা অনির্দিষ্টকালের জন্যে ক্লাশ বর্জনসহ সব ধরনের কার্যক্রম থেকে বিরত রয়েছেন। গতকাল দুপুরে কলেজ ষ্টাফ কাউন্সিল মিটিং এ এই সিদ্ধান্ত নেয়া হয় বলে কলেজ কর্তৃপক্ষ সূত্রে জানা গেছে। ঘটনার বিবরণে জানা যায়, গত বুধবার মধ্যরাতে কলেজ মেস-এর জনৈক ছাত্র হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে রংপুর মেডিকেল কলেজ হাসপাতালে মৃত্যুবরণ করে। এ দিকে রাত ১ টার দিকে ছাত্র শিবির-এর সংঘবদ্ধ একটি দল কলেজ অধ্যক্ষ ও উপাধ্যক্ষের বাড়িতে গিয়ে গাড়ির জন্যে আবেদন জানায়, কিন্তু সে সময় গাড়ি চালক না থাকার ফলে শিবির কর্মিরা পর পর ৫ জন শিক্ষকের বাড়িতে হামলা করে তাদের লাঞ্ছিত করে। এতে বাড়ির অনেক সম্পদের ক্ষতি হয়। শুধু তাই নয়, মধ্যরাত থেকে সকাল পর্যন্ত শিবির কর্মিরা কলেজের প্রধান ভবনের সমস্ত দরজা জানালার কাচ ভাঙচুর সহ দু'টো কলেজ বাস-এর ব্যাপক ক্ষতিসাধন করে। এতে প্রায় ১০ লাখ টাকার সম্পদের ক্ষতি হয়েছে। এ ঘটনা জানার পর জেলা প্রশাসক আফজাল হোসেন ও পুলিশ সুপার গতকাল কলেজ পরিদর্শনে যান। এ ব্যাপারে কোতোয়ালি থানায় একটি মামলা দায়ের করা হয়েছে। এ দিকে কলেজে ছাত্রশিবির এর ন্যাক্কারজনক ঘটনার পর থেকে ক্যাম্পাসে অবস্থানরত সকল শিক্ষক পরিবারের সদস্যরা এবং মহিলা হোস্টেল-এ অবস্থানকারী ছাত্রীরা আতংকের মধ্যে দিন কাটাচ্ছে বলে জানা গেছে।